মাতৃত্বকালীন সুবিধার নীতিমালা ও পদ্ধতি
Maternity Benefit Policy & Procedure

অত্র কোম্পানীতে কর্মরত মহিলা কর্মীগণ বাংলাদেশ শ্রম আইন-২০০৬ অনুযায়ী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ১৬ সপ্তাহের (৮ সপ্তাহ প্রসবের পূর্বে এবং ৮ সপ্তাহ প্রসবের পরে) মাতৃকল্যাণ ছুটিসহ সুবিধা ভোগ করবেন।

সুবিধাসহ ছুটি পেতে হলে কোন মহিলা শ্রমিককে সন্তান প্রসবের সম্ভাব্য তারিখের পূর্বে কোম্পানীতে একটানা কমপক্ষে ৬ মাস চাকুরী করতে হবে। ন্যূনতম ৬ (ছয়) মাস চাকুরী শর্ত পূরণ না হলে কোন মহিলা শুধুমাত্র মাতৃকালীন ছুটি ভোগ করতে পারবেন (Leave without pay) কিন্তু মাতৃকালীন সকল সুবিধার অধিকারী হবেন না।

প্রত্যেক মহিলা শ্রমিক তার সন্তান প্রসবের সম্ভাব্য তারিখের অব্যবহিত পূর্ববর্তী ৮ (আট) সপ্তাহ এবং পরবর্তী ৮ (আট) সপ্তাহের জন্য ছুটিসহ (Leave with pay) মাতৃকল্যাণ সুবিধাভোগের অধিকারী হবেন।

কোন মহিলাকে উক্ত সুযোগ-সুবিধা প্রদান করা হবে না যদি সন্তান প্রসবের সময় তার দুই বা ততোধিক সন্তান জীবিত থাকে। তবে এ ক্ষেত্রে তিনি মাতৃকালীন ছুটি ভোগ করতে পারবেন ।

মাতৃকল্যাণ সুবিধার জন্য সন্তান প্রসবের সম্ভাবনা সনদ/সন্তান প্রসবের সনদ (জন্ম রেজিষ্টারের সত্যায়িত উদ্ধৃতি অথবা রেজিষ্টার্ড চিকিৎসকের প্রত্যয়ন পত্র) পেশ করতে হবে।

মাতৃকল্যাণ সুবিধা পাওয়ার অধিকারী মহিলা শ্রমিকগণকে নিম্নরূপ বর্ণিত তার ইচ্ছানুযায়ী যে কোন একভাবে মাতৃকল্যাণ সুবিধা প্রদান করা হবে।

৮ (আট) সপ্তাহের মধ্যে সন্তান প্রসবের সম্ভাবনা রয়েছে এই মর্মে একজন রেজিষ্টার্ড চিকিৎসক কর্তৃক প্রত্যয়ন পত্র পেশ করার ৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রসবের পূর্বের ৮ (আট) সপ্তাহের পাওনা পরিশোধ করা হবে। প্রসবের পরবর্তী ৮ (আট) সপ্তাহের পাওনা সন্তান প্রসবের প্রমাণ পেশের ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে পরিশোধ করা হবে।

সন্তান প্রসবের প্রমাণপত্র পেশ করার পরবর্তী তিন কর্ম দিবসের মধ্যে সন্তান প্রসবের তারিখসহ পূর্ববর্তী ০৮ আট সপ্তাহের জন্য প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান করা হবে। উক্ত প্রমাণ পেশের পরবর্তী ০৮ (আট) সপ্তাহের মধ্যে অবশিষ্ট মেয়াদের জন্য সুবিধা প্রদান করা হবে।

সন্তান প্রসবের প্রমাণ পেশের পরবর্তী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে উক্ত সম্পুর্ণ সময়ের জন্য (১৬ ষোল সপ্তাহ) মাতৃকল্যাণ সুবিধা প্রদান করা হবে।

এছাড়া আইনে বর্ণিত অন্য সকল শর্তসমূহ সকলের জন্য প্রযোজ্য হবে। মাতৃকল্যাণ সুবিধা পাওয়ার অধিকারী ব্যক্তিগণ এবং সুবিধা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিগণ উপরোক্ত নীতিমালা সুচারুরূপে অনুসরণে বাধ্য থাকবেন।

মার্তৃকালীন ভাতা গ্রহণ পদ্ধতিঃ অত্র কারখানায় কর্মরত যে সকল মহিলা কর্মী মার্তৃকালীন ভাতা পাওয়ার অধিকারী তারা নিম্নলিখিত যে কোন পদ্ধতিতে ভাতা গ্রহণ করতে পারবেনঃ

প্রথম পদ্ধতিঃ ০৮ (আট) সপ্তাহের মধ্যে সন্তান প্রসবের সম্ভাবনা আছে এ মর্মে একজন চিকিৎসক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র পেশ করার ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে মার্তৃকালীন সুবিধার প্রথম ০৮ (আট) সপ্তাহের ভাতা পরিশোধ করা হবে। পরবর্তী ০৮ (আট) সপ্তাহের পাওনা সন্তান প্রসবের প্রমাণ পত্র পেশের ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে পরিশোধ করা হবে।

দ্বিতীয় পদ্ধতিঃ সন্তান প্রসবের প্রমাণ পত্র পেশ করার পরবর্তী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সন্তান প্রসবের তারিখসহ পূর্ববর্তী ০৮ (আট) সপ্তাহের জন্য মার্তৃকালীন সুবিধা প্রদান করা হবে। উক্ত প্রমাণ পেশের পরবর্তী ০৮ (আট) সপ্তাহের মধ্যে অবশিষ্ট মেয়াদের জন্য সুবিধা প্রদান করা হবে।

তৃতীয় পদ্ধতিঃ সন্তান প্রসবের প্রমাণ প্রসবের পরবর্তী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে সম্পূর্ণ সময়ের জন্য (১৬ সপ্তাহ) মার্তৃকালীন সুবিধা প্রদান করা হবে।

মার্তৃকালীন সুবিধার পূর্নাঙ্গ পদ্ধতিঃ

☆ ফ্যাক্টরীতে কর্মরত কোন মহিলা কর্মী যখন গর্ভবতী হবেন কিংবা নিজেকে গর্ভবতী ধারনা করবে তৎক্ষণাৎ সে বিষয়টি মেডিকেল অফিসারকে অবহিত করবে।

☆ মেডিকেল অফিসার প্রয়োজনীয় পরীক্ষার মাধ্যমে তিনি গর্ভবতী কিনা তা নিশ্চিত করবেন এবং তার চিকিৎসার রেকর্ড সংরক্ষণ করবেন। একই সাথে নির্দিষ্ট সময় অন্তর অন্তর তাকে মেডিকেল চেক আপের নির্দেশ/উপদেশ দিবেন।

☆ মেডিকেল অফিসার নির্দিষ্ট সময় অন্তর অন্তর ফ্যাক্টরীর সকল গর্ভবতী মহিলার স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করবেন এবং ম্যাটারনিটি ফলোআপ রেজিষ্টারে রেকর্ড সংরক্ষণ করবেন।

☆ সন্তান প্রসবের ০৮ (আট) সপ্তাহ পূর্বে মেডিকেল অফিসার মার্তৃকালীন ছুটির প্রত্যয়ন পত্রসহ গর্ভবতী মহিলাদেরকে কল্যাণ কর্মকর্তা/কমপ্লায়েন্স বিভাগের নিকট প্রেরণ করবেন। উক্ত প্রত্যয়নপত্রে সন্তান প্রসবের সম্ভাব্য তারিখ, তারিখসহ ছুটির মেয়াদকাল এবং প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ থাকবে।

☆ মার্তৃকালীন ছুটির প্রত্যয়নপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট মহিলা শ্রমিক ছুটির মেয়াদকাল উল্লেখপূর্বক ছুটির জন্য একটি দরখাস্ত করবেন এবং কমপ্লায়েন্স কর্মকর্তার মাধ্যমে এইচ.আর সেকশনে প্রেরণ করবেন।

☆ কমপ্লায়েন্স/ওয়েলফেয়ার অফিসার ছুটির প্রত্যয়নপত্র পাওয়ার পর সংশ্লিষ্ট মহিলাকে মার্তৃকালীন ভাতা প্রদানের পদ্ধতিসমূহ জানিয়ে দিবেন এবং মহিলার পছন্দানুযায়ী পদ্ধতিতে হিসাব শাখার মাধ্যমে ভাতা প্রদানের ব্যবস্থা করবেন। **কল্যাণ অফিসার মার্তৃকালীন ভাতা/ সুবিধা পাওয়ার তিনটি পদ্ধতি তাকে জানানো হয়েছে এরূপ প্রত্যয়ন পত্রের দুই কপিতে স্বাক্ষর/টিপসই গ্রহণ করবেন**। এক কপি কর্মীর ব্যক্তিগত ফাইলে এবং অন্য কপি ম্যাটারনিটি ফাইলে সংরক্ষণ করবেন।

ভাতা প্রদানের ক্ষেত্রে নির্দেশনাঃ

☆ যদি কেউ প্রথম পদ্ধতিতে ভাতা গ্রহণ করতে চান সেক্ষেত্রে কল্যান কর্মকর্তা/কমপ্লায়েন্স কর্মকর্তা ম্যাটারনিটি নোটিফিকেশনের ০৩ কর্ম দিবসের মধ্যে (হিসাব শাখার চাহিদাপূর্বক) প্রথম ০৮ সপ্তাহের মার্তৃকালীন ভাতা প্রদানের ব্যবস্থা করবেন এবং ভাতা প্রদান রেকর্ডসমূহ সংরক্ষণ করবেন। পেমেন্ট ভাউচারের এক কপি সংশ্লিষ্ট কর্মীর ব্যক্তিগত ফাইলে রাখবেন।

☆ মার্তৃকালীন ছুটিতে যাওয়ার পূর্বে কল্যাণ অফিসার তাকে সন্তান প্রসবের পরবর্তী ০৮ সপ্তাহের ভাতা সুবিধা এবং ভাতা প্রাপ্তির পদ্ধতি সম্পর্কে বিস্তারিতভাবে অবহিত করবেন। একইভাবে সংশ্লিষ্ট মহিলার মৃত্যু বা অন্য কোন কারণে অনুপস্থিতির ক্ষেত্রে অধিকার ভূক্ত ব্যক্তির নাম ঠিকানা মহিলার সাথে সম্পর্ক ইত্যাদি তথ্য উল্লেখ পূর্বক নির্ধারিত ফরম পূরণ করে তাতে স্বাক্ষর গ্রহণ করবেন।

☆ সন্তান প্রসবের পর সংশ্লিষ্ট কর্মী ফ্যাক্টরীর মেডিকেল অফিসারের নিকট সন্তান প্রসবের প্রমাণপত্র পেশ করবেন। মেডিকেল অফিসার প্রত্যয়ন পত্রের ০১ কপি কল্যাণ কর্মকর্তা/কমপ্লায়েন্স কর্মকর্তা এর নিকট প্রেরণ করবেন।

☆ কল্যাণ কর্মকর্তা/কমপ্লায়েন্স কর্মকর্তা সন্তান প্রসবের প্রমাণ পত্র হাতে পাওয়া মাত্র তাৎক্ষণিকভাবে এইচ.আর কর্তৃক চাহিদা পত্র তৈরী করে হিসাব শাখার মাধ্যমে প্রত্যয়ন পেশের ০৩ কর্ম দিবসের মধ্যে

অবশিষ্ট ০৮ সপ্তাহের ভাতা প্রদান করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন। এক কপি পেমেন্ট ভাউচার কর্মীর ব্যক্তিগত ফাইলে এবং ০১ কপি কেন্দ্রীয় ম্যাটারনিটি ফাইলে সংরক্ষণ করবেন।

☆ দ্বিতীয় পদ্ধতিতে কেউ ভাতা গ্রহণ করতে চাইলে দ্বিতীয় পদ্ধতির শর্তানুযায়ী সংশ্লিষ্ট মহিলাকে ভাতা প্রদান করার জন্য ওয়েলফেয়ার অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন এবং ভাতা প্রদান নিশ্চিত করে ভাতা প্রদানের রেকর্ড উপরোক্ত নিয়মানুযায়ী সংরক্ষণ করবেন।

☆ কল্যাণ কর্মকর্তা একই ভাবে ৩য় পদ্ধতিতে ভাতা প্রদান নিশ্চিত করে তার রেকর্ড সংরক্ষণ করবেন।

☆ সন্তান প্রসবের পর মাতৃত্বকালীন ছুটি (১৬ সপ্তাহ) শেষে সংশ্লিষ্ট কর্মী কাজে যোগদানের পর কারখানায় তাহার পূর্ববর্তী সকল সুবিধাদি (গ্রেড, বেতন, ভাতাদি ও জ্যেষ্ঠতা) পূর্বের ন্যায় বহাল থাকবে।

অভিযোগ পদ্ধতিঃ

যদি কেউ মার্তৃকালীন সুবিধা পাওয়ার অধিকারী হওয়া সত্ত্বেও মার্তৃকালীন সুবিধা থেকে বঞ্চিত হয় সেক্ষেত্রে সরাসরি কোম্পানীর মহা-ব্যবস্থাপক এর নিকট অভিযোগ করতে পারবেন। আনীত অভিযোগ সত্য হলে তাৎক্ষণিকভাবে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক পূর্ণাঙ্গ মার্তৃকালীন সুবিধা নিশ্চিত করা হবে।

Spring Trade Limited

পরিচালক
স্প্রিং ট্রেড লিঃ